

# প্রথমআলো

## শিক্ষা

# বেসরকারি মেডিকেল ভর্তি-টিউশন-ইন্টার্ন ফি নির্ধারণ, শিক্ষার্থীরা দেবেন তিন ধাপে

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৮ নভেম্বর ২০২৪, ১৪: ০০



দেশের বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্স ও ডেন্টাল কলেজ বা ডেন্টাল ইউনিটের বিডিএস কোর্সের ২০২৪-২৪ সেশনের ভর্তি ফি, টিউশন ফি ও ইন্টার্ন ফি নির্ধারণ করে দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়। কোনো শিক্ষার্থী যদি এমবিবিএসে ভর্তি হতে চান, তাহলে ভর্তি ফি গুনতে হবে ১৯ লাখ ৪৪ হাজার টাকা আর বিডিএসে (ডেন্টাল) ভর্তি হতে চাইলে ভর্তি ফি গুনতে হবে ১১ লাখ। গতকাল বুধবার (৬ নভেম্বর) স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ‘স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের এবং ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের বিডিএস কোর্সের জন্য ফিসমূহ নির্ধারিত করা হয়েছে।’ নিম্নরূপ নিতে হবে ফি—

১. এমবিবিএস ভর্তি ফি ১৯ লাখ ৪৪ হাজার টাকা।

২. বিডিএস ভর্তি ফি ১১ লাখ টাকা।

৩. ইন্টার্নশিপ ফি ১ লাখ ৮০ হাজার টাকা।

৪. টিউশন ফি প্রতি মাসে ১০ হাজার টাকা।

দেশের বেসরকারি মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ডেন্টাল ইউনিটের শিক্ষার্থীদের নির্ধারিত ভর্তি ফি, টিউশন ফি ও ইন্টার্ন ফি আদায়ের পদ্ধতিও বাতলে দিয়েছে স্বাস্থ্য মন্ত্রণালয়।

নির্ধারিত ভর্তি ফি ও ইন্টার্নশিপ ফি ভর্তির প্রথম ধাপে ৬০ শতাংশ দিতে হবে শিক্ষার্থীদের। ২য় ধাপে (১ম প্রফেশনাল পরীক্ষার সময়ে) দিতে হবে ২০ শতাংশ, শেষ বা তৃতীয় ধাপের (তৃতীয় প্রফেশনাল পরীক্ষার সময়ে) দিতে হবে ২০ শতাংশ।

নির্ধারিত টিউশন ফি মাসিক ভিত্তিতে আদায় করতে হবে, কখনো একসঙ্গে আদায় করা যাবে। সরকার নির্ধারিত ফি ছাড়া অন্য ফি আদায় করা যাবে না।

